

অনলাইন নিলাম (ই-অকশন) বিজ্ঞপ্তি

১। নৌ উপ ভান্ডার ঢাকা (বাংলাদেশ নৌবাহিনী) এর নির্দেশক্রমে সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ঢাকা নৌ অঞ্চলের জরিপকৃত বিভিন্ন প্রকার পুরাতন বস্ত্র সামগ্রী, পুরাতন/অকেজো ইলেকট্রিক ও ইলেকট্রনিকস্ আইটেম, বিভিন্ন গাড়ির পুরাতন/অকেজো খুচরা যন্ত্রাংশ, পুরাতন/অকেজো ব্যাটারী, বিভিন্ন গাড়ির পুরাতন/অকেজো টায়ার, পোড়া লুব ওয়েল ড্রাম, বিভিন্ন প্রকার পুরাতন/অকেজো মেস ট্রাপস্ ও অন্যান্য আইটেম এবং পুরাতন/অকেজো গাড়িসহ মোট ১৭টি লট যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে আগামী ২০ মে ২০২৪ তারিখে অত্র সংস্থার ওয়েবসাইট www.nssd.navy.mil.bd এ অনলাইন নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলামে অংশ গ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবে।

ক। লট নং ১ হতে ১৭ এ অংশগ্রহণের জন্য সিকিউরিটি ডিপোজিট হিসাবে টাকা ৩০,০০০/০০ (টাকা ত্রিশ হাজার মাত্র) জমা করতঃ অংশগ্রহণ করা যাবে।

খ। সিকিউরিটি ডিপোজিটের টাকা প্রতি কার্য দিবসের সকাল ১০:০০ হতে ১৪:০০ ঘটিকা পর্যন্ত অত্র উপ ভান্ডারে সরাসরি জমা করা যাবে। এছাড়াও সিকিউরিটি ডিপোজিটের টাকা NSSD Dhaka Miscellaneous Fund, Sonali Bank Ltd, NHQ Branch, A/C No-00121-434064659, Routing No-200263434 এ ১৯ মে ২০২৪ বিকাল ১২:৩০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে।

গ। সিকিউরিটি ডিপোজিটের টাকা জমা প্রদান এর রশিদ nssdcash@gmail.com ই-মেইল এড্রেসে অথবা সরাসরি নৌ উপ ভান্ডার ঢাকায় প্রেরণ করতে হবে। টাকা প্রাপ্তি নিশ্চিতের পর ফিরতি ই-মেইল এর মাধ্যমে ০৮ ডিজিটের ট্র্যাকিং নম্বার প্রেরণ করা হবে। উক্ত ট্র্যাকিং নম্বার দিয়ে উপরোক্ত ওয়েব সাইট থেকে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করতে হবে।

ঘ। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সর্বোচ্চ ডাককারীকে নিলাম পরবর্তী ০৭ দিনের মধ্যে সম্পূর্ণ টাকা জমা প্রদান পূর্বক লট এর ডেলিভারি গ্রহণ করতে হবে। সর্বোচ্চ ডাককারীর মূল্যের সাথে ৭.৫% ভ্যাট এবং ১০% এআইটিসহ অতিরিক্ত ১৭.৫% টাকা প্রদান করতে হবে।

ঙ। সর্বোচ্চ ডাককারীকে বিজয়ী হিসেবে ই-মেইলের মাধ্যমে নোটিফিকেশন প্রদান করা হবে এবং নিলামকারীর মাধ্যমে জানানো হবে। বিজয়ী হিসেবে অবগত হওয়ার ০৭ দিনের মধ্যে ভ্যাট ও এআইটিসহ সমুদয় টাকা পরিশোধ করতঃ লট গ্রহণ করতে হবে। ০৭ দিনের মধ্যে লট গ্রহণে অপারগ হলে সিকিউরিটি ডিপোজিট বাবদ জমাকৃত সম্পূর্ণ টাকা বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত লট/লটসমূহ পরবর্তী নিলামে উঠানো হবে।

চ। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কোন লটে বিজয়ী হতে না পারলে তাদের সিকিউরিটি ডিপোজিটের টাকা ০৭ কার্যদিবসের মধ্যে ব্যাংক একাউন্ট বা চেকের মাধ্যমে ফেরত প্রদান করা হবে।

ছ। নিলাম সংক্রান্ত যে কোন তথ্যের জন্য সরাসরি এনএসএসডি ক্যাশ সেকশন- ০১৭৬৯৭১৪০২২ নম্বরে যোগাযোগ করুন।

জ। নিলাম সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২। অনলাইন নিলাম কার্য ২০ মে ২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় শুরু (ওপেন) হবে এবং লট ১ হতে লট ১৭ পর্যন্ত পর্যায়ক্রমে যথাক্রমে দুপুর ১২:০০ (লট-১), ১২:১০ (লট-২), ১২:২০ (লট-৩), ১২:৩০ (লট-৪), ১২:৪০ (লট-৫), ১২:৫০ (লট-৬), ১৩:০০ (লট-৭), ১৩:১০ (লট-৮), ১৩:২০ (লট-৯), ১৩:৩০ (লট-১০), ১৩:৪০ (লট-১১), ১৩:৫০ (লট-১২), ১৪:০০ (লট-১৩), ১৪:১০ (লট-১৪), ১৪:২০ (লট-১৫), ১৪:৩০ (লট-১৬), ১৪:৪০ (লট-১৭) ঘটিকায় বন্ধ (ক্লোজ) হবে।

৩। আগ্রহী ক্রেতা সাধারণকে ১ হতে ৭ নং লটে উল্লেখিত সামগ্রী নৌ উপ ভান্ডার ঢাকায়, ৮ নং লটে উল্লেখিত গাড়ি নৌ সদর দপ্তর এমটি পুলে, ৯ হতে ১৩ নং লটে উল্লেখিত গাড়ি নৌ ইউনিট শাহিনবাগে, ১৫ নং লটে উল্লেখিত গাড়ি নাবিক কলোনীতে (মিরপুর-১৪) এবং ১৫ হতে ১৭ নং লটে উল্লেখিত গাড়ি বানৌজা শেখ মুজিব এ ১৯ মে ২০২৪ পর্যন্ত প্রতি কার্যদিবসে সকাল ১০:০০ ঘটিকা হতে ১৪:০০ ঘটিকার মধ্যে সরেজমিনে পরিদর্শনের জন্য উপস্থিত হওয়ার অনুরোধ করা হলো। বিস্তারিত তথ্যাদি www.nssd.navy.mil.bd এ জানা যাবে।

মেসার্স সরদার ট্রেডিং করপোরেশন

(সরকারী নিলামকারী)

১৭ গোবিন্দ দত্ত লেন, লক্ষীবাজার, ঢাকা-১২০৪

মোবাইল: ০১৯১৩১৬১৯১৮